

এইচএসসি পরীক্ষা পেছানোর দাবিতে বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদক

২৩ জুন ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদেশময়



করোনা ভাইরাস ও ডেঙ্গুর সংক্রমণ বেড়ে যাওয়ায় আসন্ন এইচএসসি পরীক্ষা পেছানোর দাবিতে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের সামনে বিক্ষোভ করেছেন একদল পরীক্ষার্থী। গতকাল রবিবার দুপুর সোয়া ১২টার দিকে শিক্ষার্থীরা বোর্ডের প্রধান ফটকে অবস্থান নিয়ে বিক্ষোভ করেন। তারা করোনার পরিস্থিতি স্থিতিশীল না হওয়া পর্যন্ত পরীক্ষা স্থগিত রেখে একটি যৌক্তিক সময়সূচি চূড়ান্ত করার আহ্বান জানান।

আন্দোলনকারীরা তিন দফা জানিয়েছেন। সেগুলো হলো- এইচএসসি ও সমমান পরীক্ষা পেছাতে হবে; জুলাই মাসজুড়ে আন্দোলন, রাষ্ট্রীয় সম্পদ রক্ষা, নিরাপত্তা, লোডশেডিং ও বন্যার কারণে দুই-তিন মাসের পড়াশোনার ক্ষতিপূরণে সময় দেওয়া; এমসিকিউ (বহুনির্বাচনী) ও সিকিউ (লিখিত) মিলিয়ে পরীক্ষায় পাসের ব্যবস্থা করা। একই সঙ্গে শিক্ষা বোর্ডের ঘোষিত ৩৩ দফা নির্দেশনা বাতিল করা।

আন্তঃশিক্ষা বোর্ড সমব্যয় কমিটি জানায়, আগামী ২৬ জুন অনুষ্ঠেয় এইচএসসি ও সমমান পরীক্ষায় অংশ নিতে ১১টি শিক্ষা বোর্ডের অধীন ফরম পূরণ করেছেন ১২ লাখ ৫১ হাজার ১১১ জন পরীক্ষার্থী। এবার মোট পরীক্ষার্থীর মধ্যে ছাত্র ৬ লাখ ১৮ হাজার ১৫ জন ও ছাত্রী ৬ লাখ ৩৩ হাজার ৯৬ জন। যদিও এইচএসসি পরীক্ষা শুরুর মাত্র এক সপ্তাহ আগে, অর্থাৎ আগামী ১৮-১৯ জুন ফের ফরম পূরণের সুযোগ দিয়েছিল ঢাকা বোর্ড। ফলে পরীক্ষার্থীর সংখ্যা কিছুটা বাড়তে পারে।